ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৫২
আগরতলা, ১৩ জুলাই,২০২৬

**কাটাখালের বাঁধ ব্যবহার না করার পরামর্শ**

পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের ডিজাস্টার ম্যানেজমেন্ট সেল-র পক্ষ থেকে জনগণের নিরাপত্তায় দূর্গা চৌমুহনী থেকে প্রগতি রোড-এর পেছন দিকে কাটাখালের বাঁধের উপর দিয়ে চলাচল না করতে পরামর্শ দেওয়া হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, প্রবল বর্ষণের কারণে উল্লেখিত বাঁধের এলাকায় জল জমে এবং বৃষ্টিপাত সংক্রান্ত অন্যান্য সমস্যার জন্য বিপদজনক হয়ে পড়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই জায়গা দিয়ে চলাচল না করতে জনগণের প্রতি পরামর্শ দেওয়া হয়েছে। জেলাশাসক জানিয়েছেন জন নিরাপত্তার জন্যই এই পরামর্শ দেওয়া হয়েছে।

******